

শ্রীশ্রী শারদীয়া দুর্গাপূজার নির্ঘণ্ট

লন্ডন

(স্থানীয় সময়ানুযায়ী)

এই সময়ে লন্ডনে গ্রীষ্মকালীন সময় চলায় ভারতীয় স্ট্যান্ডার্ড সময় থেকে সাড়ে ৪ ঘণ্টা বাদ দিলে স্থানীয় সময় পাওয়া যাবে।

১৯শে আশ্বিন ১৪১৫, ৫ই অক্টোবর ২০০৮, রবিবার। সূর্যোদয় ঘ ৬/১০, সূর্যাস্ত ঘ ৫/২৫। পূর্বাহ্ন ঘ ৯/৫৫। ষষ্ঠী রাত্রি ঘ ৬/২০। শ্রীশ্রীশারদীয়া দুর্গাষষ্ঠী। পূর্বাহ্ন ঘ ৯/৫৫ মধ্যে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর ষষ্ঠ্যাতি কল্পারম্ভ ও ষষ্ঠী বিহিত পূজা প্রশস্তা। সায়ংকালে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাস।

২০শে আশ্বিন ১৪১৫, ৬ই অক্টোবর ২০০৮, সোমবার। সপ্তমী রাত্রি ঘ ৮/৫২। শ্রীশ্রীদুর্গা সপ্তমী। শ্রীশ্রীশারদীয়া দুর্গাপূজা। পূর্বাহ্ন ঘ ৯/৫৫ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/২৪ মধ্যে পুনঃ দিবা ঘ ৮/৫৮ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ স্থাপন, সপ্তম্যাতি কল্পারম্ভ ও সপ্তমী বিহিত পূজা প্রশস্তা। রাত্রি ঘ ১১/২৪ গতে রাত্রি ঘ ১২/১২ মধ্যে কুলাচারানুসারে শ্রীশ্রীদুর্গাদেবীর অর্ধরাত্রি বিহিত পূজা।

দেবীর গজে আগমন। ফলম্-গজে চ জলদাদেবী শস্যপূর্ণাবসুন্ধরা।।

২১শে আশ্বিন ১৪১৫, ৭ই অক্টোবর ২০০৮, মঙ্গলবার। অষ্টমী রাত্রি ঘ ১১/১১। মহাষ্টমী। পূর্বাহ্ন ঘ ৯/৫৫ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/২৪ মধ্যে পুনঃ দিবা ঘ ৮/৫৮ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজা, মহাষ্টম্যাতি কল্পারম্ভ ও কেবল মহাষ্টমী কল্পারম্ভ প্রশস্তা। রাত্রি ঘ ১০/৪৭ গতে সন্ধি পূজারম্ভ। রাত্রি ঘ ১১/১১ গতে বলিদান। রাত্রি ঘ ১১/৩৫ মধ্যে সন্ধিপূজা সমাপন। বীরাষ্টমী ও মহাষ্টমীর ব্রতোপবাস।

২২শে আশ্বিন ১৪১৫, ৮ই অক্টোবর ২০০৮, বুধবার। নবমী রাত্রি ঘ ১/৪। পূর্বাহ্ন ঘ ৯/৫৫ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৮/৫৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহানবমী বিহিত পূজা ও কেবল মহানবমী কল্পে পূজা প্রশস্তা।

২৩শে আশ্বিন ১৪১৫, ৯ই অক্টোবর ২০০৮, বৃহস্পতিবার। দশমী রাত্রি ঘ ২/১৭। শ্রীশ্রীবিজয়া দশমী। পূর্বাহ্ন ঘ ৯/৫৫ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর দশমী বিহিত পূজা ও বিসর্জন প্রশস্তা। কুলাচারানুসারে বিসর্জনাতে শ্রীশ্রীঅপরাজিতা পূজা। দশেরা।

দেবীর দোলায় গমন। ফলম্-দোলায়াং মরকং ভবেৎ।।